

সমকাল

প্রাথমিক সমাপনীর পরীক্ষা এবার থেকে শতভাগ সৃজনশীল প্রশ্নে

১৯ ফেব্রুয়ারি ২০১৮ | Updated ১৯ ফেব্রুয়ারি ২০১৮

সমকাল প্রতিবেদক



ফাইল ছবি

চলতি বছরের প্রাথমিক শিক্ষা সমাপনীতে শতভাগ সৃজনশীল প্রশ্নে পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

রোববার এ আদেশ জারি করে জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ)।

এতে বলা হয়েছে, ২০১৮ সালের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার প্রশ্নপত্রের কাঠামো ও নম্বর বিভাজন জাতীয় কর্মশালার মাধ্যমে চূড়ান্ত করা হয়েছে।

মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক প্রতি বিষয়ে শতভাগ যোগ্যতাভিত্তিক প্রশ্ন হবে বলেও আদেশে বলা হয়।

প্রাথমিক সমাপনীর পরীক্ষা শুরু হয় ২০০৯ সালে। ২০১২ সালে প্রথমবারের মতো ১০ শতাংশ সৃজনশীল প্রশ্ন সংযোজন করা হয়।

২০১৭ সালে ৮০ শতাংশ এবং ২০১৬ সালে প্রতি বিষয়ে ৬৫ শতাংশ প্রশ্ন সৃজনশীলভিত্তিক ছিল।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: info@samakal.com